

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শ্রম কল্যাণ কেন্দ্র, সৈয়দপুর, নীলফামারী।
lwc.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং- ৪০.০২.০০০০.৪২০.২৫.০০২.১৯- ১৫৯

তারিখঃ- ১০/১২/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ ০১ (এক)সপ্তাহ মেয়াদী শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের নামের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মালিক/শ্রমিক সম্পর্কের উন্নয়ন, গণমূলক ট্রেড ইউনিয়নের কর্মকান্ড পরিচালনা, শ্রম আইন ও শ্রম অর্থনীতির মৌলিক বিষয়ে প্রশিক্ষণার্থীদের মধ্যে সচেতনতা, সৃষ্টি শ্রম ব্যবস্থাপনা এবং উৎপাদন ও কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়তা প্রদান, মালিক / ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং শ্রমিক / কর্মচারীদের মধ্যে সৌহার্দপূর্ণ সম্পর্ক স্থাপন, শিল্প প্রতিষ্ঠানে শান্তি ও শৃঙ্খলা বজায় রেখে অধিক উৎপাদন নিশ্চিত করনের লক্ষ্যে সরকারী উদ্যোগে অত্র শ্রম কল্যাণ কেন্দ্রে আগামী ১৭/১২/২০২৩খ্রিঃ হইতে ২১/১২/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) সপ্তাহ মেয়াদী শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স আয়োজনের প্রস্তাব করছে। সেই মতে আপনার প্রতিষ্ঠান / শ্রমিক ইউনিয়নের **২০ (সত্তর)** জন মনোনীত শ্রমিক / কর্মচারী (পুরুষ ও মহিলাসহ) একটি তালিকা নিম্নবর্ণিত " ছক " অনুযায়ী আগামী ১৪/১২/২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অত্র শ্রম কল্যাণ কেন্দ্রে প্রেরণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ কর্মসূচী প্রতিদিন সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত চলবে।


আলোচ্য প্রশিক্ষণ কোর্সের পাঠসূচী নিম্নরূপঃ

১। শ্রমিক নিয়োগ ও চাকরীর শর্তাবলী (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ২। প্রসুতি কল্যাণ সুবিধা (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৩। স্বাস্থ্য রক্ষা সুবিধা (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৪। শ্রমিকদের নিরাপত্তা ব্যবস্থা (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৫। শ্রমিকদের কল্যাণ মূলক ব্যবস্থা (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৬। কর্মঘণ্টা ও ছুটি (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৭। দুর্ঘটনা জনিত কারণে খরচের জন্য শ্রমিকে ক্ষতিপূরণ (বাংলাদেশ শ্রম আইন-২০০৬) ৮। ট্রেড ইউনিয়ন গঠন রেজিস্ট্রেশন ও পদ্ধতি (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৯। যৌথ দরকষাকষি প্রতিনিধি নির্ধারন ও এর কার্যক্রম (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ১০. শিল্প বিরোধ উত্থাপন ও নিষ্পত্তি করন (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ১১। অপব্যবহ দণ্ড ও পদ্ধতি (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ১২. সক্ষম ও বিনিয়োগ ১৩। হৃদরোগ, কিডনি বৈকল্য ও ডায়াবেটিসের লক্ষণ প্রতিরোধ ও প্রতিকার ১৪। এইচ এইচ ডি এইডস এর কারণ লক্ষণ প্রতিরোধ ও প্রতিকার ১৫। যৌতুক একটি সামাজিক অভিশাপ এর প্রতিকার এবং আমন্ত্রণ করণীয় ১৬। অটিজম ১৭. শূন্যচারিতা নৈতিকতা ১৮. ট্রফিক আইন ও শ্রমিকদের দায়িত্ব ১৯। কারখানায় অগ্নিনির্বাপন ব্যবস্থা ২০। ড্রাইভিং লাইসেন্স গ্রহন ও নবায়ন ২১। শিশু শ্রম ও এর প্রতিকার ২২। মজুরী ও উহা পরিশোধ এবং ২৩। শ্রমিকদের নিরাপত্তা ও আইনী সহায়তা পাবার পদ্ধতি ২৪. জাতীয় পরিচয় পত্রের পুনরুৎপাদন ও সংগ্রহ ২৫. সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নির্দেশমালা ২০২০ ২৬। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মজীবন ও আত্মজীবন ২৭। ডেঙ্গু, অটিজম এবং কোভিড ১৯ এর লক্ষণ প্রতিরোধ ও প্রতিকার

উল্লেখ্য যে, প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলাকালীন দিনগুলি আপনার প্রতিষ্ঠানের কর্মরত দিন হিসাবে গনা হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণে উল্লেখিত দিনগুলির প্রতিদিন অত্র শ্রম কল্যাণ কেন্দ্র হতে ৩০০/- (তিনশত টাকা মাত্র) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। আপনার সহযোগিতা একান্ত কাম্য।

" ১ (এক) সপ্তাহ মেয়াদী শ্রমিক প্রশিক্ষণ কোর্সের মনোনয়ন " ছক "

ক্রমিক নং	প্রশিক্ষণার্থীদের নাম / পিতা/স্বামীর নাম	জাতীয় পরিচয় পত্র নম্বর এবং মোবাইল নম্বর	শিক্ষাগত যোগ্যতা	ঠিকানা	পদবী	বয়স	কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মতব্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯


(মোঃ আনু হোসেন)
শ্রম কল্যাণ সংগঠক ও
কোর্স সমন্বয়কর্তা

শ্রম কল্যাণ কেন্দ্র, সৈয়দপুর, নীলফামারী

বিতরণঃ

- নীলফামারী জেলা বাস-মিনিবাস শ্রমিক ইউনিয়ন (রেজিঃ নং রাজঃ ২২০) কেন্দ্রীয় বাসটার্মিনাল, সৈয়দপুর, নীলফামারী
- সভাপতি/সাধারণ সম্পাদক, সৈয়দপুর উপজেলা হোটেল এন্ড রেস্তোরেট শ্রমিক ইউনিয়ন, (রেজিঃ নং. রাজঃ ১৭৯৩) সর্বভাষী মার্কেট, সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং- ৪০.০২.০০০০.৪২০.২৫.০০২.১৯-১৫৯/১(৪)

তারিখঃ- ১০/১২/২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সড়ক, বিজয়নগর, ঢাকা- ১০০৩
- পরিচালক (মেডিকেল), শ্রম অধিদপ্তর, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সড়ক, বিজয়নগর, ঢাকা- ১০০৩
- উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর
- অফিস কপি, অত্র দপ্তর।



শ্রম কল্যাণ সংগঠক ও

কোর্স সমন্বয়কর্তা

শ্রম কল্যাণ কেন্দ্র, সৈয়দপুর, নীলফামারী